

ঢাকা ওয়াসা

১।
২।
৩।

মডস জোন-২ এর অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
পূর্বানুমোদিত দরের কপি।
প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Rising, Repairing Manhole cover and maintenance of Sewer Chamber on the different road area under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-২ এর আওতাধীন লালবাগ কেল্লার ৪১৬ বছর পূর্তী " অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী আসার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে লালবাগ কেল্লার সামনের রাস্তা হতে পলাশীর মোড় ও আশ-পাশের রাস্তার ঢাকা ওয়াসার সকল নিচু ম্যানহোল কভার রাস্তার সারফেস লেভেলে উঁচু করার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও উক্ত অনুষ্ঠান আয়োজক কমিটি অত্র জোনকে অনুরোধ করেছেন। এছাড়াও ঢাকা ওয়াসার কল সেন্টার ও এলাকাবাসী হতে অভিযোগ এসেছে। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক এলাকাগুলি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, বিদ্যমান সুয়ার লাইনের ম্যানহোলগুলোর ওয়াল ভাঙ্গা থাকায় ও কভার খুলে যাওয়ায় অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। কাজটি সম্পন্ন করার সময় পয়ঃলাইনের ম্যানহোল ভেঙ্গে পুনরায় মেরামত করে দিতে হবে। কাজগুলো জরুরী ভিত্তিতে করার জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ)। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়াইয়াছে = ৪৮,৬৯০/- (আটচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকা মাত্র। উক্ত কাজের খরচ মডস জোন-২ এর ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "Sawer Line Maintenance" খাতের থেকে বরাদ্দ হতে বাজেটভুক্ত করা হবে।

২। এমতাবস্থায়, Rising, Repairing Manhole cover and maintenance of Sewer Chamber on the different road area under MODS Zone-2, Dhaka WASA কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট = ৪৮,৬৯০/- (আটচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকা মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ বিধি ৯৯(ড) অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জামান ট্রেডার্স এর অনুকূলে পরিশোধের অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা

সরদার জাইমুল হোসাইন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা

মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

২৪.০৮.২৬